গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪৪.১৭.০২৯(৩) তারিখ: ১৮ জানুয়ারি ২০১৭

# মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক গবেষণা-প্রস্তাব আহ্বান

মন্ত্রিপরিষদ বিভাগে গঠিত 'জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট' রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে গৃহীত জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের যাবতীয় কার্যক্রমসমূহ সমন্বয় ও পরিবীক্ষণ করছে। এ লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। এ প্রকল্পের আওতায় গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য অর্থ বরাদ্দ রয়েছে। ইতঃপূর্বে মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক সংস্কার ও শুদ্ধাচার শাখার উদ্যোগে মন্ত্রণালয়/বিভাগসমূহে সুশাসনের বিদ্যমান অবস্থা মূল্যায়ন এবং জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের বিষয়ে একটি বস্তুনিষ্ঠ গবেষণা পরিচালনা করা হয়েছে। বর্তমান প্রকল্পে শুদ্ধাচারও সুশাসন-সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা করার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। এ পরিপ্রেক্ষিতে, উল্লিখিত বিষয়সমূহে গবেষণার জন্য উন্মুক্ত বিজ্ঞপ্তি আহ্বান করা যেতে পারে। গবেষণা সম্পাদনের জন্য গবেষকের যোগ্যতা, কর্মপরিধি ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদি নিম্নলিখিতভাবে নির্ধারণ করা যেতে পারে:

২। গবেষকের যোগ্যতা:

(ক) সামাজিক বিজ্ঞান (social science)-এর আওতাভুক্ত কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি (সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে); অথবা সরকারের সিনিয়র সহকারী সচিব বা সমমান কিংবা তদূর্ধ্ব পদে দায়িত্ব পালনের বাস্তব অভিজ্ঞতা;
(খ) গবেষণা পদ্ধতি (research methodology) সম্পর্কে সম্যক ধারণা;
(গ) মৌলিক গবেষণা কাজ সম্পাদন ও পরিবীক্ষণের বাস্তব অভিজ্ঞতা;
(ঘ) বাংলা ও ইংরেজি ভাষায় গবেষণা প্রতিবেদন প্রণয়নে সক্ষমতা; এবং
(ঙ) আন্তঃব্যক্তিক সম্পর্ক ও যোগাযোগের পর্যাপ্ত অভিজ্ঞতা।

৩। গবেষকের কর্ম পরিধি:

গবেষক অন্তত ৬০ দিবস এ কাজে নিয়োজিত থাকবেন এবং নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করবেন:
(ক) সংশ্লিষ্ট দলিল-পত্রাদি (document/literature) পর্যালোচনা;
(খ) প্রশ্নমালা তৈরি/পূর্ব পরীক্ষা (pre-test) করা এবং চূড়ান্তকরণ;
(গ) তথ্য সংগ্রহকারীদেরকে প্রশিক্ষণ প্রদান;
(ঘ) খসড়া প্রতিবেদন প্রণয়নের কাজে সহায়তা প্রদানএবং খসড়া পরিমার্জন;
(ঙ) পর্যালোচনা ও ফিডব্যাকের ভিত্তিতে প্রতিবেদন চূড়ান্তকরণ;
(চ) চূড়ান্ত প্রতিবেদনের ইংরেজি সারসংক্ষেপ প্রণয়ন; এবং
(ছ) গবেষণা-সংশ্লিষ্ট সেমিনারে অংশগ্রহণ এবং গবেষণার ফলাফল উপস্থাপন।

৪। গবেষণা ক্ষেত্র:

- শুদ্ধাচার জোরদারকরণ (Promotion of Integrity);
- দুর্নীতি প্রতিরোধে সরকারী কর্মচারীদের ভূমিকা (Role of Civil Servant towards Prevention of Corruption);
- রাষ্ট্র ও অ-রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের দায়বদ্ধতা (Accountability of State and Non-state Institution);
- আইন ও বিধি কার্যকর বাস্তবায়ন (Effective Implementation of Laws and Rules);
- সুশাসন ও সেবা প্রদান (Good Governance and Service Delivery);
- বিশ্বের এবং বাংলাদেশের উত্তমচর্চা (Good Practices in the world and Bangladesh); এবং
- শুদ্ধাচার জোরদারকরণে শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল, মাদ্রাসা, কলেজ, বিশ্ববিদ্যালয়)-এর ভূমিকা (Role of Educational Institutions (School, Madrassa, College, University) towards promotion of Integrity)

৫। গবেষণার সম্ভাব্য বরাদ্দ:

| গবেষণার ধরন | অর্থের পরিমাণ |
|---|---|
| ব্যক্তিগত পর্যায়ে গবেষণা | ১,০০,০০০/- থেকে ২,০০,০০০/- |
| দলগত গবেষণা | ২,০০,০০০/- থেকে ৪,০০,০০০/- |
| প্রাতিষ্ঠানিক গবেষণা | ৩,০০,০০০/- থেকে ৫,০০,০০০/- |

৬। গবেষক নির্বাচন প্রক্রিয়া:

| | |
|---|---|
| ১। আবেদনকারীর পেশা | ১৫ |
| ২। গবেষণা প্রস্তাবণার মান | ৩০ |
| ৩। শিক্ষাগত যোগ্যতা | ২০ |
| ৪। গবেষণা কাজে পূর্ব অভিজ্ঞতা | ২০ |
| ৫। গবেষণার বিষয়বস্তুর উপযোগিতা | ১৫ |
| মোট | ১০০ |

৬.১ আবেদনকারীর পেশা:

| | |
|---|---|
| গবেষণা প্রতিষ্ঠানের কর্মকর্তা/অনুষদ সদস্য | ১৫ |
| বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/সরকারি/বেসরকারি কলেজ শিক্ষক | ১৫ |
| সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা | ১৪ |
| সমাজ গবেষক | ১২ |
| অন্যান্য পেশা | সর্বোচ্চ-১০ |

৬.২ গবেষণা প্রস্তাবনার মান:

| ক্রমিক | বিষয়বস্তু | মান |
|---|---|---|
| ১ | গবেষণার শিরোনাম | ৫ |
| ২ | সমস্যা বিবৃতি | ৫ |
| ৩ | গবেষণার যৌক্তিকতা | ৫ |
| ৪ | হাইপোথিসিস/গবেষণা প্রশ্ন | ১০ |
| ৫ | গবেষণার উদ্দেশ্য | ১০ |
| ৬ | গবেষণার প্রত্যয়সমূহের কার্যকরী সংজ্ঞায়ন | ১০ |
| ৭ | গবেষণার পদ্ধতি | ৫ |
| ৮ | গবেষণার নমুনা | ৫ |
| ৯ | তথ্য সংগ্রহের উৎস | ৫ |
| ১০ | তথ্য সংগ্রহের পদ্ধতি | ১০ |
| ১১ | গবেষণার পরিসর | ৫ |
| ১২ | উপাত্ত বিশ্লেষণ ও উপস্থাপন- গুণগত (Qualitative)/ পরিমাণগত (Quantitative) | ১০ |
| ১৩ | সীমাবদ্ধতা | ৫ |
| ১৪ | সম্ভাব্য বাজেট | ৫ |
| ১৫ | কর্ম-পরিকল্পনা (সময়সূচিসহ) | ৫ |

৬.৩ শিক্ষাগত যোগ্যতা (এসএসসি হতে মাস্টার্স পর্যন্ত):

| | |
|---|---|
| ১। প্রথম শ্রেণি বা গ্রেড পয়েন্ট A+ | = ৫ |
| ২। উচ্চতর দ্বিতীয় শ্রেণি (৫০% এর অধিক এবং ৬০% এর নীচে) বা গ্রেড পয়েন্ট A | = ৪ |
| ৩। দ্বিতীয় শ্রেণি বা গ্রেড পয়েন্ট (A-) | = ৩ |

৬.৪ গবেষণা কাজে পূর্ব অভিজ্ঞতা:

| | |
|---|---|
| প্রফেশনাল গবেষণা | গবেষণা পূর্ব অভিজ্ঞতার ভিত্তিতে তিনি ২০ নম্বরের ওপর নম্বর প্রাপ্য হবেন এবং যাদের গবেষণায় পূর্ব অভিজ্ঞতা থাকবে না তারা কোন নম্বর পাবেন না। |
| এম. ফিল | যদি আগে কোন গবেষণা কাজে জড়িত থাকেন তাহলে গবেষণার সংখ্যা, প্রকৃতি ও পরিধি অনুসারে সর্বোচ্চ ২০ নম্বর প্রাপ্য হবেন। |
| পিএইচডি | যদি এম. ফিল ডিগ্রি বা মাস্টার্স ডিগ্রির অতিরিক্ত এমএস/এমপিএস করে থাকেন তাহলে ২০ নম্বর পাবেন এবং সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা করলে ৪০% নম্বর পাবেন। |

৭। উল্লিখিত বিষয়সমূহে উন্মুক্ত গবেষণা আহ্বান ও মূল্যায়নের লক্ষ্যে নিম্নলিখিতভাবে কমিটি গঠন করা যেতে পারে:

১। সচিব (সমন্বয় ও সংস্কার) -আহ্বায়ক
২। অতিরিক্ত সচিব (সংস্কার) -সদস্য
৩। উপসচিব (প্রশাসনিক সংস্কার ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা) -সদস্য
৪। উপসচিব (সাধারণ শাখা) -সদস্য
৫। বিসিএস প্রশাসন একাডেমি-এর প্রতিনিধি -সদস্য
৬। শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর প্রতিনিধি -সদস্য
৭। সিনিয়র সহকারী সচিব (শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার) -সদস্য-সচিব

৮। গবেষণা বিন্যাস (বিস্তারিত পরিশিষ্ট 'ক')

- গবেষণার শিরোনাম
- সমস্যা বিবৃতি
- গবেষণার যৌক্তিকতা
- হাইপোথিসিস/গবেষণা প্রশ্ন
- গবেষণার উদ্দেশ্য
- গবেষণার প্রত্যয়সমূহের কার্যকরী সংজ্ঞায়ন
- গবেষণার পদ্ধতি
- গবেষণার নমুনা
- তথ্য সংগ্রহের উৎস
- তথ্য সংগ্রহের পদ্ধতি
- গবেষণার পরিসর
- উপাত্ত বিশ্লেষণ ও উপস্থাপন-গুণগত (Qualitative)/ পরিমাণগত (Quantitative)
- সীমাবদ্ধতা
- সম্ভাব্য বাজেট
- কর্ম-পরিকল্পনা (সময়সূচিসহ)

৯। অর্থছাড়করণ:

| কিস্তি | অর্থেরপরিমাণ | অর্থছাড়করণেরপূর্বশর্ত |
|---|---|---|
| ১ম কিস্তি | মোট সম্ভাব্য বাজেটের ৩০% | গবেষণার ৩০% কাজ সম্পন্ন হয়েছে মর্মে উন্মুক্ত গবেষণা আহ্বান ও মূল্যায়ন কমিটির প্রত্যয়নপ্রাপ্তি সাপেক্ষে |
| ২য় কিস্তি | মোট সম্ভাব্য বাজেটের ৭০% | গবেষণার ৭০% কাজ সম্পন্ন হয়েছে মর্মে উন্মুক্ত গবেষণা আহ্বান ও মূল্যায়ন কমিটির প্রত্যয়নপ্রাপ্তি সাপেক্ষে |
| ৩য়/শেষ কিস্তি | মোট সম্ভাব্য বাজেটের ১০০% | গবেষণার ১০০% কাজ সম্পন্ন হওয়া, প্রতিবেদন দাখিল ও অন্যান্য শর্তাবলি পূরণ সাপেক্ষে |

১০। সময়সীমা:

| ক্রমিক | বিজ্ঞপ্তি প্রকাশ | ১৮/০১/২০১৭ |
|---|---|---|
| ১ | গবেষণা প্রস্তাব দাখিলের শেষদিন | ০৮/০২/২০১৭ |
| ২ | গবেষণা প্রস্তাব যাচাই-বাছাই | ৯/০২/২০১৭ |
| ৩ | কার্যাদেশ প্রদান | ১৬/০২/২০১৭ |
| ৪ | গবেষণা কার্যক্রম শুরু | ১৭/০২/২০১৭ |
| ৫ | গবেষণা অগ্রগতি প্রতিবেদন দাখিল | ০৯/০৪/২০১৭ |
| ৬ | গবেষণার প্রতিবেদন দাখিল | ০৮/০৫/২০১৭ |
| ৭ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক রিভিউ | ১৮/০৫/২০১৭ |
| ৮ | চূড়ান্ত প্রতিবেদন দাখিল | ৩১/০৫/২০১৭ |

১১। কর্তৃপক্ষ যে কোন প্রস্তাব গ্রহণ, বাতিল ও স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(আলতাফ হোসেন সেখ)
উপসচিব (প্রসওকসব্য)
মন্ত্রিপরিষদ বিভাগ
ও
উপপ্রকল্প পরিচালক
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প